

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং- ১৬২

তারিখঃ ১৩/০৯/২০২১খ্রি।

বিষয়ঃ উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা।

সভার তারিখঃ ১৩/০৯/২০২১খ্রি. সোমবার, সময়ঃ সকাল - ১০.০০ ঘটিকা।

সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লক্ষীছড়ি।

সভাপতিঃ রাজু চাকমা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

সভায় উপস্থিত সদস্যদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হল।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর নিম্নোক্ত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	উপজেলা পরিচালন ও এডিপি বরাদ্দ হতে উপ-প্রকল্প প্রস্তাব।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান সরকারী নির্দেশনা মোতাবেক সকল মাধ্যমিক বিদ্যালয়ে কার্যক্রম চলমান রয়েছে। সভায় উপজেলা ভাইস চেয়ারম্যান জানান জাইকার অর্থায়নে পরিচালিত "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" হতে কিছু বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। সে ক্ষেত্রে বরাদ্দ পাওয়া সাপেক্ষে অত্র উপজেলার কিছু মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ করণের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" অথবা এডিপি বরাদ্দ হতে মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় সমূহে আসবাবপত্র সরবরাহ করণ প্রকল্প গ্রহণ করার জন্য উপজেলা কমিটিতে প্রস্তাব করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা বিষয়ক স্থায়ী কমিটি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(রাজু চাকমা)  
ভাইস চেয়ারম্যান

ও  
সভাপতি


উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি  
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

তারিখঃ ১৩/০৯/২০২১খ্রি।

স্মারক নং- ১৬২




অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ৩। অফিস নথি।



(সারওয়ার ইউছুপ জামাল)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

পরিশিষ্ট "ক"

ক্রঃনং	নাম	পদবী	কমিটির পদবী	উপস্থতির স্বাক্ষর
১.	সুভাষিষ বড়ুয়া	উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য	
২.	প্রবিল কুমার চাকমা	চেয়ারম্যান, ১নং লক্ষীছড়ি ইউপি	সদস্য	
৩.	ত্রিলন চাকমা	চেয়ারম্যান, ২নং দুর্গাতলী ইউপি	সদস্য	
৪.	সারওয়ার ইউছুপ জামাল	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য সচিব	